BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ
বাপেক্স, ঢাকা

বিষয় : জানুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ১৩ জানুয়ারি, ২০২৫ দুপুর ১২.০০ টায়

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | সভার শুরুতে ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। অত:পর সভার কার্যক্রম শুরু করার জন্য কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব সকল মহাব্যবস্থাপকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য উপমহাব্যবস্থাপক (বোর্ড)-কে আহবান করেন। উপমহাব্যবস্থাপক (বোর্ড) সভার সভাপতি, মহাব্যবস্থাপকসহ সকল পর্যায়ের কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ডিসেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীতে কারো কোন মতামত আছে কিনা সে বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণের নিকট জানতে চান। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) উক্ত কার্যবিবরণীর ক্রমিক নম্বর-৩ এর সিদ্ধান্ত-ক এ লিপিবদ্ধ জকিগঞ্জ-১ ও ২ এর পরিবর্তে "জকিগঞ্জ-২ ও ৩" এবং সিদ্ধান্ত খ এ লিপিবদ্ধ "EOI আহবান" এর পরিবর্তে "টার্ণ-কি ভিত্তিতে দরপত্র আহবান" প্রতিস্থাপন করে সংশোধনের প্রস্তাব করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত প্রস্তাব অনুযায়ী কার্যবিবরণী নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | (ক) ডিসেম্বর, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ক্রমিক নম্বর-৩ এর সিদ্ধান্ত-ক এ লিপিবদ্ধ "জকিগঞ্জ-১ ও ২" এর পরিবর্তে "জকিগঞ্জ-২ ও ৩" এবং ক্রমিক নম্বর-৩ এর সিদ্ধান্ত খ এ লিপিবদ্ধ "EOI আহবান" এর পরিবর্তে "টার্ণ-কি ভিত্তিতে দরপত্র আহবান" প্রতিস্থাপন করে সংশোধন সাপেক্ষে সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিস) জানান যে, জামালপুর-১ কূপ খননের লক্ষ্যে বিগত ৩০.১২.২০২৪ তারিখে সিমেন্টেশন সংক্রান্ত চুক্তি সম্পাদিত হয়েছে। DST এবং Wireline সার্ভিস এর চুক্তি আইনগত মতামত প্রাপ্তি সাপেক্ষে ১৪-০১-২০২৫ তারিখে সম্পাদিত হবে। ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-১ কূপ খননের লক্ষ্যে চুক্তি দ্রুত সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) জামালপুর-১ কূপ খননের লক্ষ্যে চুক্তি দ্রুত সম্পাদন করতে হবে। | ১। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপনের অগ্রগতির বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, DPP একনেক সভায় অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে জ্বালানি ও খনিজ বিভাগে GO প্রেরণ করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ভূমি অধিগ্রহণ সংক্রান্ত সকল ধরণের সভা অনুষ্ঠিত হয়েছে। ভূমি অধিগ্রহণ বাবদ ব্যয়ের প্রাক্কলন তৈরির কাজ | ক) প্রকল্প পরিচালক নিয়োগ এবং ভূমি অধিগ্রহণ বাবদ ব্যয়ের প্রাক্কলন দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চলমান আছে। প্রাক্কলন প্রস্তুতের পর Demand নোট প্রাপ্তি সাপেক্ষে অর্থ পরিশোধ করা হবে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রকল্প পরিচালক নিয়োগ এবং ভূমি অধিগ্রহণ বাবদ ব্যয়ের প্রাক্কলন দ্রুত প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৪ | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, ১টি ড্রিলিং রিগ ক্রয়ের লক্ষ্যে DPP প্রস্তুত করা হয়েছে। IIFC কর্তৃক Feasibility Study এর কাজ চলমান আছে। Feasibility Study এর প্রতিবেদন পাওয়ার পর DPP প্রস্তুতপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের লক্ষ্যে পেট্রোবাংলায় করা হবে। ব্যবস্থাপনা পরিচালক ১৬-০১-২০২৫ তারিখের মধ্যে DPP পেট্রোবাংলায় প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি আরো একটি ১০০০/১২০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন ও প্রাক্কলন প্রস্তুতকরত: দ্রুত DPP প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | (ক) ১০০০/১২০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন ও প্রাক্কলন প্রস্তুতকরত: দ্রুত DPP পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৫ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, অর্থ বিভাগ হতে Liquidity Certificate পাওয়া গেছে। অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী DPP পুনর্গঠনের কাজ সম্পন্ন করে পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। মাড ইঞ্জিনিয়ারিং উপবিভাগের উপমহাব্যবস্থাপক জনাব শ্যামল কুমার বালো বলেন যে, গভীর কূপ খনন প্রকল্পের DPP পুনর্গঠনের কাজ সম্পন্ন করা প্রয়োজন। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) উক্ত DPP-তে ওয়েল সার্ভিসেস বিভাগ সংশ্লিষ্ট কোন ব্যয় অন্তর্ভুক্তির প্রয়োজন থাকলে মতামত প্রদানের অনুরোধ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক DPP দ্রুত পুনর্গঠনের কাজ সম্পাদনে উপমহাব্যবস্থাপক (প্লানিং) জনাব মোঃ রেজাউল হালিম-কে নিয়োজিত করার নির্দেশনা প্রদান করেন। | ক) DPP পুনর্গঠনের কাজ সম্পাদনে উপমহাব্যবস্থাপক (প্লানিং) জনাব মোঃ রেজাউল হালিম-কে নিয়োজিত করতে হবে।<br>খ) DPP পুনর্গঠনের কাজ দ্রুত সম্পন্ন করে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। উপমহাব্যবস্থাপক (প্লানিং)<br>৩। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৬ | বাপেক্সের কূপ খনন ও ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় অবহিত করেন যে, জকিগঞ্জ-২ ও ৩ এর বিষয়ে ডিজিটাল সার্ভের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। শীঘ্রই সার্ভে কার্যক্রম শুরু হবে। ব্যবস্থাপনা পরিচালক পরবর্তী পর্ষদ সভায় জকিগঞ্জ ২ ও ৩ এর কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি "৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন" শীর্ষক প্রকল্পের ৫টি কূপ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে টার্ণ-কি ভিত্তিতে খননের লক্ষ্যে ডিপিপি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করেন। তিনি বাপেক্সের বিভিন্ন কূপে ওয়ার্কওভার এর মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধির বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের আগ্রহের বিষয়টি সভায় তুলে ধরেন। এছাড়া তিনি সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কাজ দ্রুত সম্পাদনের | (ক) জকিগঞ্জ-২ ও ৩ এর বিষয়ে পরবর্তীতে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(খ) "৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন" শীর্ষক প্রকল্পের ৫টি কূপ টার্ণ-কি ভিত্তিতে খননের লক্ষ্যে পুনর্গঠিত ডিপিপি পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে পেট্রোবাংলার | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৩। ২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জন্য নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (খনন) ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের পূর্বে কূপের কারিগরি তথ্যাদি আরো যাচাই-বাছাই করার পক্ষে মতামত ব্যক্ত করেন।<br><br>এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব স.আ.ম মেরাজুল আলম বলেন যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভারের বিষয়ে ২০১৮ সালের কারিগরি তথ্য যাচাই-বাছাই করে কমিটি প্রতিবেদন দাখিল করেছে। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে সেমুতাং-৬ কূপে ওর্য়াকওভার করা যায়। ব্যবস্থাপনা পরিচালক পূর্বের প্রতিবেদনের ভিত্তিতে ওয়ার্কওভার কাজ সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার করার লক্ষ্যে Chromium Alloy Tubing ক্রয়ের জন্য ব্যয় প্রাক্কলন তৈরির কাজ চলমান রয়েছে। পরবর্তীতে ক্রয় সংক্রান্ত কার্যপত্র পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। ব্যবস্থাপনা পরিচালক আগামী ২১-০১-২০২৫ এর মধ্যে Chromium Alloy Tubing ক্রয়ের ব্যয় প্রাক্কলনের প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>(গ) সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভারের বিষয়ে পূর্বে গঠিত কমিটির প্রতিবেদনের ভিত্তিতে ওয়ার্কওভার কাজ সম্পাদন করতে হবে।<br><br>(ঘ) আগামী ২১-০১-২০২৫ তারিখের মধ্যে Chromium Alloy Tubing ক্রয়ের ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করতে হবে। | |
| ৭ | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ২ডি জরিপ সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় জরিপ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (প্লানিং) জনাব মোঃ রেজাউল হালিম জানান যে, সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ২৫০০ বর্গ কি. মি. উপাত্ত সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন ও Feasibility Study এর কাজ চলমান রয়েছে।<br><br>ব্যবস্থাপনা পরিচালক ১৬-০১-২০২৫ তারিখের মধ্যে ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন এবং Feasibility Study সম্পন্ন করতঃ প্রকল্প প্রস্তাব পর্ষদ সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ২৫০০ বর্গ কি. মি. উপাত্ত সংগ্রহের লক্ষ্যে আগামী ১৬-০১-২০২৫ তারিখের মধ্যে ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করতে হবে এবং Feasibility Study সম্পন্ন করতঃ প্রকল্প প্রস্তাব পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br><br>২। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৮ | চরফ্যাশন, মনপুর ও হাতিয়া এলাকায় ৩ডি জরিপ সংক্রান্ত | ব্যবস্থাপনা পরিচালক চরফ্যাশন, মনপুর ও হাতিয়া এলাকায় ৩ডি জরিপ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, পরিচালক পর্ষদের ৪৯৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া" শীর্ষক প্রকল্পের ডাটা একুইজিশন কার্যক্রম তদারকির লক্ষ্যে ডাটা একুইজিশনকালীন সময়ের জন্য ট্রানজিশন জোন, রিভার ক্রসিং, মার্সি ল্যান্ড, শ্যালো রিভারে ৩ডি সাইসমিক সার্ভে কাজে অভিজ্ঞ একজন বিশেষজ্ঞ নিয়োগের বিষয় ডিপিপিতে অন্তর্ভুক্ত করার কাজ চলমান রয়েছে। ডিপিপি পুনর্গঠন করে ১৬-০১-২০২৫ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করা হবে। | (ক) পরিচালক পর্ষদের ৪৯৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৬-০১-২০২৫ তারিখের মধ্যে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br><br>২। উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৯ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) জানান যে, মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রান্তিক সুবিধার বাইরে যে সকল সুযোগ-সুবিধা বাপেক্স পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে প্রদান করা হয় কিন্তু অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করা হয়নি | (ক) অডিট উপবিভাগের প্রতিনিধি ও অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন এর প্রতিনিধিসহ পেট্রোবাংলার | ১।উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সে সকল সুযোগ-সুবিধার বিপরীতে অডিট আপত্তি রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক অডিট উপবিভাগের প্রতিনিধি ও অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশনের প্রতিনিধিসহ পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সাথে সাক্ষাতের পরামর্শ প্রদান করেন এবং অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখার নির্দেশনা প্রদান করেন। | চেয়ারম্যান মহোদয়ের সাথে সাক্ষাত করতে হবে এবং অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে। | |
| ১০ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয়তার নিরিখে অর্গানোগ্রাম প্রণয়ন করে আগামী এক সপ্তহের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | ক) অর্গানোগ্রাম প্রণয়ন করে আগামী এক সপ্তহের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |
| ১১ | রূপগঞ্জে বাপেক্সের অধিগ্রহণকৃত ভূমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ গ্যাসক্ষেত্রের ভূমির রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নের নিমিত্তে রাজউক এর সাথে যোগাযোগ করা হয়েছে। বর্তমানে রেজিস্ট্রেশন কার্যক্রম বন্ধ রয়েছে। পুনরায় রেজিস্ট্রেশন চালু হলে দ্রুততম সময়ের মধ্যে তা সম্পন্ন করা যাবে বলে আশা প্রকাশ করেন। | (ক) রূপগঞ্জ এলাকায় অধিগ্রহণকৃত জমি স্থায়ীভাবে রেজিস্ট্রেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>(খ)উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১২ | রূপগঞ্জে ওর্য়াকওভার কার্যক্রম গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, রূপগঞ্জে ওর্য়াকওভার কাজ করার জন্য বাপেক্সের পরিকল্পনা রয়েছে। তবে, ওয়ার্কওভারের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহ বিলম্ব হতে পারে বলে সভাকে অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জে ওয়ার্কওভারের জন্য প্রয়োজনীয় মালামাল ইনভেন্টরি করত: যাচাই-বাছাই করার জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) ও উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা নির্দেশনা প্রদান করেন। | (ক) রূপগঞ্জে ওয়ার্কওভারের জন্য প্রয়োজনীয় মালামাল ইনভেন্টরি করত: যাচাই-বাছাই করার জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন), মহাব্যবস্থাপক (খনন), মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) ও উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১৩ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্ক থাকা ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্ক থাকতে হবে ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১৪ | বিবিধ | ১। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং গত ১৭-১২-২০২৪ হতে ২ মাসের ফাউন্ডেশন প্রশিক্ষণের জন্য ৫ জন নতুন যোগদানকৃত কর্মকর্তাকে BPI এ প্রেরণ করা হয়েছে। ক্রমান্বয়ে অন্যান্য কর্মকর্তাগণকেও প্রশিক্ষণে প্রেরণ করা হবে।<br>২। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, বাপেক্স কর্তৃক গৃহীত/গৃহীতব্য প্রকল্পের Exit Plan হিসেবে গ্যাস উৎপাদন শুরুর লক্ষ্যে ন্যূনতম ২টি ৩০ মিলিয়ন ঘনফুট ক্ষমতা সম্পন্ন স্ট্যান্ডবাই প্রসেস প্লান্ট ক্রয় করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক পরবর্তীতে উক্ত বিষয়ে পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br>৩। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) (অঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬বি সাউথ এন্ড ১০ প্রকল্পের আওতায় বাপেক্সে নিজস্ব | (১) নতুন যোগদানকৃত কর্মকর্তাগণের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।<br>(২) বাপেক্স কর্তৃক গৃহীত/গৃহীতব্য প্রকল্পের Exit Plan হিসেবে গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ন্যূনতম ২টি ৩০ মিলিয়ন ঘনফুট ক্ষমতা সম্পন্ন স্ট্যান্ডবাই প্রসেস প্লান্ট ক্রয়ের কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(৩) ভূপদার্থিক বিভাগের চাহিদা অনুযায়ী গোডাউন বা ওয়ারহাউজ তৈরির জন্য | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>৩। আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>৪। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৫) মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সাইসমিক Crew দ্বারা সাইসমিক উপাত্ত সংগ্রহের কাজ চলমান আছে। উক্ত সাইসমিক উপাত্ত সংগ্রহের কাজের সংশ্লিষ্ট মালামাল সংরক্ষণের জন্য উপযুক্ত কোন গোডাউন বা ওয়ারহাউজ নেই। বাপেক্সের সাইসমিক উপাত্ত সংগ্রহে ব্যবহৃত মালমাল সংরক্ষণের নিমিত্ত গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণ করা আবশ্যক।<br><br>উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জানান যে, ভূ-পদার্থিক বিভাগের চাহিদার আলোকে একটি গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণের জন্য উপযুক্ত স্থান নির্বাচন ও আকৃতি নির্ধারণের জন্য মহাব্যবস্থাপক (ভূ-পদার্থ), মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। | গঠিত কমিটির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ৬) মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি) |
| | | ৪। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, পেট্রোবাংলা কর্তৃক ২০২৫-২০২৮ সাল নাগাদ ১০০টি কূপ খনন/ওয়ার্কওভারের পরিকল্পনার আওতায় বাপেক্স কর্তৃক চিহ্নিত এবং খননতব্য অনুসন্ধান/উন্নয়ন কূপসমূহ Standered Operating Procedure (SOP) অনুসরনে পুঙ্খানুপুঙ্খরূপে যাচাই-বাছাইকরণের লক্ষ্যে ০২জন আন্তর্জাতিক পরামর্শক (০১ জন Senior Geophyscist, Geology Backgroud সম্পন্ন এবং ০১ জন Senior Petrophysicist/Hydrocarbon Resource Petrophysicist, Geology Backgroud সম্পন্ন) সর্বমোট ২৪ জন-মাস সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | (৪) সর্বমোট ২৪ জন-মাস সময়ের জন্য ০২ জন আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | |
| | | ৫। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, চট্টগ্রামের সলিমপুর এলাকায় সাঙ্গু গ্যাসক্ষেত্রের স্থাপনাটি ব্যবহার করতে পারলে বাপেক্স লাভবান হবে। উক্ত জায়গাটি যেহেতু হাইওয়ের পাশে অবস্থিত সেহেতু রিগ বেইজ বা গোডাউন হিসেবে ব্যবহারের উপযোগী বলে তিনি মন্তব্য করেন। তিনি উক্ত জায়গাটি ব্যবহারের লক্ষ্যে পেট্রোবাংলা বরাবর একটি পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | (৫) সাঙ্গু গ্যাসক্ষেত্রের স্থাপনাটি ব্যবহারের জন্য পেট্রোবাংলা বরাবর একটি পত্র প্রেরণ করতে হবে। | |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব ২১/০১/২৫
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক .................................................... বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক .................................................... বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্যবস্থাপক.................................... বাপেক্স।
৪) অফিস কপি।